# প্রত্যেকেই NYC-তে স্বাস্থ্যসেবা পরিষেবা পেতে পারে:

## *অভিবাসী নিউ ইয়র্কবাসীদের জন্য বারবার জিজ্ঞাসা করা প্রশ্নাবলী*



প্রত্যেক নিউ ইয়র্কবাসীর উচ্চমানের স্বাস্থ্যসেবার অধিকার আছে, তাদের অভিবাসনের স্থিতি বা অর্থপ্রদানের সক্ষমতা যাই হোক না কেন। আপনার নিজের এবং আপনার পরিবারের যত্ন নিন, এবং আপনার প্রয়োজনীয় স্বাস্থ্যসেবা পরিষেবাগুলি পান। স্বাস্থ্যসেবা ও সামাজিক পরিষেবা সহ সিটির অনেক পরিষেবা নিউ ইয়র্কবাসীদের জন্য উপলব্ধ আছে, তাদের অভিবাসনের স্থিতি যাই হোক না কেন।

## স্বাস্থ্য বিমা

### আমি কোন স্বাস্থ্য বিমা প্ল্যানের জন্য সাইন আপ করতে পারি?

অভিবাসী নিউ ইয়র্কবাসীদের বিমার অনেকগুলি বিকল্প আছে। নিউ ইয়র্ক স্টেটের শিশুরা স্বাস্থ্য বিমা পেতে পারে, এমনকি তাদের কোনও নথিপত্র না থাকলেও। NYC স্বাস্থ্য ও মানসিক স্বাস্থ্যবিধি বিভাগ (NYC Department of Health and Mental Hygiene) (NYC স্বাস্থ্য বিভাগ) এ সার্টিফায়েড অ্যাপ্লিকেশন কাউন্সেলররা আছেন যারা আপনি যোগ্য কিনা তা জানতে এবং স্বাস্থ্য বিমার জন্য সাইন আপ করতে আপনাকে সাহায্য করতে পারেন। আরও তথ্যের জন্য, **311** নম্বরে কল করুন, 877-877 নম্বরে “CoveredNYC” টেক্সট পাঠান বা nyc.gov/health/healthcoverage দেখুন।

আপনি যদি NYC Health + Hospitals এ যান, তাহলে আপনাকে স্বাস্থ্য বিমা খুঁজে পেতে সাহায্য করার জন্য একজন আর্থিক পরামর্শদাতার জন্য অনুরোধ করুন। মনে রাখবেন, আপনার লিখিত অনুবাদ এবং সশরীরে বা টেলিফোনের মাধ্যমে অনুবাদ সহ আপনার পছন্দের ভাষায় পরিষেবা পাওয়ার অধিকার আছে।

## NYC CARE

### আমি স্বাস্থ্য বিমার জন্য যোগ্য নই। আমি কিভাবে স্বাস্থ্যসেবা পরিষেবাগুলি পেতে পারি?

NYC Care হল একটি স্বাস্থ্যসেবা প্রাপ্তিসাধ্যতা কর্মসূচি যা সেই সকল নিউ ইয়র্কবাসীকে কম খরচে ও বিনামূল্যে পরিষেবা প্রদান করে যারা স্বাস্থ্য বিমা পেতে পারেন না বা তার জন্য অর্থপ্রদান করতে পারেন না। NYC Care কোনও স্বাস্থ্য বিমার প্ল্যান **নয়**। তবে, আপনার NYC Care থাকলে আপনি স্বাস্থ্যসেবা পরিষেবাগুলি পাওয়ার জন্য একটি সদস্যতা কার্ড পেতে পারেন, আপনার নিজের স্বাস্থ্যসেবা প্রদানকারী বেছে নিতে পারেন এবং কম দামে ওষুধ পেতে পারেন। NYC Health + Hospitals সমস্ত NYC Care পরিষেবা প্রদান করে।

### NYC Care এর জন্য কত খরচ হয়? আমি কিভাবে NYC Care এর জন্য সাইন আপ করব?

আপনার পরিবারের আকার ও আয়ের ওপরে নির্ভর করে NYC Care স্বাস্থ্য পরিষেবাগুলি হয় কম খরচে বা বিনামূল্যে পাওয়া যায়। NYC Care এর জন্য সাইন আপ করতে 646-NYC-CARE (646-692-2273) এ কল করুন অথবা NYC Health + Hospitals এর কোনও স্থানে একজন আর্থিক পরামর্শদাতার সঙ্গে দেখা করতে চান। আরো তথ্যের জন্য, nyccare.nyc দেখুন।

## যাদের স্বাস্থ্য বিমা নেই এমন নিউ ইয়র্কবাসীদের জন্য জরুরি পরিচর্যা

### আমার স্বাস্থ্য বিমা নেই কিন্তু আমার জরুরি পরিচর্যা প্রয়োজন। আমি এর জন্য কিভাবে অর্থপ্রদান করব?

Emergency Medicaid কম উপার্জনশীল, নথিপত্রবিহীন ও অস্থায়ী অভিবাসী নিউ ইয়র্কবাসীদের কোনও জরুরি অবস্থার সময়ে স্বাস্থ্যসেবা পরিষেবাগুলির জন্য অর্থপ্রদান করতে সাহায্য করে। যে সকল অভিবাসী নিউ ইয়র্কবাসী Emergency Medicaid এর জন্য যোগ্য তারা অ-জরুরি পরিষেবাগুলির খরচ বহন করার জন্যও NYC Care এর জন্য যোগ্যতা অর্জন করতে পারেন, যেমন তাদের চিকিৎসা প্রদানকারীর কাছে সাক্ষাৎ এবং ওষুধ।

আপনি ভবিষ্যতের কোনও জরুরি অবস্থার ক্ষেত্রে, যে কোনো সময় Emergency Medicaid এর জন্য সাইন আপ করতে পারেন। আপনি যদি NYC Health + Hospitals এ যান, তাহলে একজন আর্থিক পরামর্শদাতার জন্য অনুরোধ করুন যিনি আপনাকে সাইন আপ করতে সাহায্য করতে পারেন। আপনার অভিবাসনের স্থিতি বা অর্থপ্রদানের সক্ষমতা যাই হোক না কেন, আপনি NYC-তে যে কোনও হাসপাতালে জরুরি পরিচর্যা পেতে পারেন। আরও তথ্যের জন্য, **311** নম্বরে কল করুন, 877-877 নম্বরে "CoveredNYC" টেক্সট পাঠান।

## পাব্লিক চার্জ

### পাব্লিক চার্জ নিয়মটি কী? এটি কি এখনও ব্যবহার করা হচ্ছে?

আগস্ট 2019 এ ট্রাম্প প্রশাসন একটি নতুন পাব্লিক চার্জ নিয়ম ঘোষণা করেছিল। অভিবাসীরা যদি Medicaid, খাদ্য সহায়তা বা আবাসন সহায়তার মতো নির্দিষ্ট কিছু সরকারী সুবিধা ব্যবহার করে থাকেন, অথবা ফেডারাল প্রশাসন যদি মনে করে যে ভবিষ্যতে তাদের সরকারী সুবিধাগুলির ওপরে নির্ভরশীল হওয়ার সম্ভাবনা আছে, সেই ক্ষেত্রে নিয়মটি তাদের গ্রীন কার্ড বা ভিসা পাওয়া আটকানোর চেষ্টা করেছিল। তবে ট্রাম্প প্রশাসনের পাব্লিক চার্জ নিয়ম সমাপ্ত হয়েছে। 9 মার্চ 2021 এ, ইউ.এস. স্বরাষ্ট্র সুরক্ষা বিভাগ (U.S. Department of Homeland Security) বলেছিল যে তারা 2019 আগস্টের আগে কার্যকর থাকা নীতিগুলি ব্যবহার করায় ফিরে যাবে। আরও তথ্য ও আপডেটের জন্য, nyc.gov/publiccharge দেখুন।

### পাব্লিক চার্জ নিয়ম আমার ক্ষেত্রে প্রযোজ্য হয় কিনা তা আমি কীভাবে জানব?

আপনার যদি পাব্লিক চার্জ সম্বন্ধে কোনো প্রশ্ন থাকে, তাহলে সোমবার থেকে শুক্রবার পর্যন্ত সকাল 9 টা থেকে সন্ধ্যা 6 টার মধ্যে 800-354-0365 নম্বরে ActionNYC হটলাইনে কল করুন এবং সিটি দ্বারা অর্থায়ন করা, বিনামূল্য ও নিরাপদ অভিবাসন সংক্রান্ত আইনি সাহায্যের সময়োপযোগী ও বিশ্বস্ত তথ্য ও সংযোগ পাওয়ার জন্য "public charge (পাব্লিক চার্জ)" বলুন। হটলাইনটি বিনামূল্য ও অজ্ঞাতপরিচয়, এবং 200 টিরও বেশি ভাষায় সহায়তা পাওয়া যায়।

## অভিবাসন বলবৎকরণ এবং স্বাস্থ্য সেবা পাওয়ার অধিকার

### আমি একজন অভিবাসী, যার কোনও নথিপত্র নেই। আমার পরিষেবা প্রদানকারী কি অভিবাসন ও কাস্টমস বলবৎকরণ (Immigration and Customs Enforcement, ICE) এর মত অভিবাসন কর্তৃপক্ষের কাছে আমাকে রিপোর্ট করতে পারে?

পরিষেবা প্রদানকারীদের অবশ্যই তাদের রোগীদের গোপনীয়তা রক্ষা করতে হবে, তাদের অভিবাসনের স্থিতি যাই হোক না কেন। হাসপাতাল ও ক্লিনিকগুলি রোগীর অনুমোদন ছাড়া রোগীর তথ্য আদানপ্রদান করে না, যদি না আইন অনুযায়ী তা করা আবশ্যক হয়। পরিষেবা প্রদানকারীরা কীভাবে অভিবাসীদের গোপনীয়তা রক্ষা করে সেই সম্পর্কে আরো তথ্যের জন্য nychealthandhospitals.org/immigrant দেখুন এবং H+H এর Open Letter to Immigrant New Yorkers (অভিবাসী নিউ ইয়র্কবাসীদের উদ্দেশ্যে খোলা চিঠি) পড়ুন।

### ICE অফিসাররা হাসপাতালে এলে আমার কী করা উচিত?

আপনাকে ICE এর সঙ্গে কথা বলতে হবে না। যদি কোনও ICE অফিসার আপনার হাসপাতালের ঘরের মত কোনো ব্যক্তিগত অঞ্চলে প্রবেশ করার চেষ্টা করেন, সেই ক্ষেত্রে আপনার দরজা বন্ধ রাখার এবং তাদের কাছে বিচারবিভাগীয় পরোয়ানা আছে কিনা তা জিজ্ঞাসা করার অধিকার আছে। বিচারবিভাগীয় পরোয়ানা হল আদালতের থেকে একজন বিচারক দ্বারা স্বাক্ষরিত একটি আইনি নথি যা কাউকে বা এক দল লোককে কিছু করার অনুমতি দেয়। আরও তথ্যের জন্য, nyc.gov/immigrants দেখুন এবং **know your rights** (আপনার অধিকারগুলি জানুন) সন্ধান করুন। যদি কোনও ICE অফিসার আপনাকে বা আপনার কোনও প্রিয়জনকে আটক করেন, সেই ক্ষেত্রে বিনামূল্যে ও নিরাপদে আইনি সহায়তা পাওয়ার জন্য আপনি রেপিড রেসপন্স লিগ্যাল কোলাবোরেটিভ (Rapid Response Legal Collaborative)-কে 800-354-0365 এ ফোন করতে পারেন।